# আমি কীভাবে জানবো আমার একটি ডেস্ক রিভিউয়ের অনুরোধ করা উচিত কিনা?

- ☐ **আপনি কি নিচের উদাহরণগুলির পর্যালোচনা করেছেন?**
- ☐ **আপনি কি আপনার উদ্বেগগুলি নিয়ে আপনার টেম্পোরারি অ্যাসিস্টেন্স (Temporary Assistance, TA) ওয়ার্কারের সাথে আলোচনা করেছেন?**

আপনি যদি উপরের উভয় ক্ষেত্রে "হ্যাঁ" উত্তর দিয়ে থাকেন এবং এরপরেও আপনার পাস-থ্রু পেমেন্ট বা কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্ট নিয়ে প্রশ্ন থাকে, তাহলে আপনার একটি ডেস্ক রিভিউ অনুরোধ করা উচিত।

## উদাহরণসমূহ

### পাস-থ্রু পেমেন্ট

**উদাহরণ 1:** জোয়ি জনসনের তার TA মামলায় 21 বছরের কম বয়সী এক সন্তান আছে। জোয়ির একটি সাপোর্ট আদেশ আছে যা সাপোর্ট সংগ্রহ ইউনিটের (Support Collection Unit, SCU) মাধ্যমে পরিশোধ করতে হবে যেখানে ননকাস্টডিয়াল পিতামাতাকে বর্তমানে মাসিক 250 মার্কিন ডলার সাপোর্ট দায় পরিশোধ করতে হবে। ননকাস্টডিয়াল পিতামাতা এই মাসে সম্পূর্ণ 250 মার্কিন ডলার পরিশোধ করে দিয়েছে। জোয়ির গৃহস্থালির **100 মার্কিন ডলার পাস-থ্রু** পেমেন্ট পাওয়ার অধিকার আছে।

**উদাহরণ 2:** জোয়ি জনসনের ননকাস্টডিয়াল পিতামাতার (উদাহরণ 1 দেখুন) কঠিন সময় শুরু হয় এবং এই মাসে বর্তমান সাপোর্টের মাত্র 75 মার্কিন ডলার পরিশোধ করে। যেহেতু পাস-থ্রু মাসিক বর্তমান সংগৃহীত সাপোর্টের বেশি হতে পারে না, তাই জোয়ির গৃহস্থালির **75 মার্কিন ডলার পাস-থ্রু** পেমেন্ট পাওয়ার অধিকার আছে।

**উদাহরণ 3:** জোয়ি জনসনের ননকাস্টডিয়াল পিতামাতার (উদাহরণ 1 দেখুন) আর্থিক কাঠিন্য অব্যাহত আছে এবং ফলে তারা এই মাসে কোনও (0 মার্কিন ডলার) বর্তমান সাপোর্ট পরিশোধ করে না। যেহেতু এই মাসে কোনও বর্তমান সাপোর্ট সংগৃহীত হয়নি, তাই জোয়ির গৃহস্থালির **কোনও পাস-থ্রু পেমেন্টের অধিকার নেই।**

**উদাহরণ 4:** কোরি ডেভিসের একটি TA মামলা আছে যেখানে 21 বছরের কম বয়সী দুইটি সন্তান রয়েছে। সন্তানদের ননকাস্টডিয়াল পিতামাতা একই। কোরির একটি সাপোর্ট আদেশ আছে যা সাপোর্ট সংগ্রহ ইউনিটের মাধ্যমে পরিশোধ করতে হবে যেখানে ননকাস্টডিয়াল পিতামাতাকে বর্তমানে মাসিক 300 মার্কিন ডলার সাপোর্ট দায় পরিশোধ করতে হবে। ননকাস্টডিয়াল পিতামাতা এই মাসে সম্পূর্ণ 300 মার্কিন ডলার পরিশোধ করে দিয়েছে। কোরির গৃহস্থালির **200 মার্কিন ডলার পাস-থ্রু** পেমেন্ট পাওয়ার অধিকার আছে।

**উদাহরণ 5:** ম্যারি মার্টিনের একটি TA মামলা আছে যেখানে 21 বছরের কম বয়সী দুইটি সন্তান রয়েছে। সন্তানদের ভিন্ন ভিন্ন ননকাস্টডিয়াল পিতামাতা রয়েছে। এখানে দুইটি সাপোর্ট আদেশ আছে যা সাপোর্ট সংগ্রহ ইউনিটের মাধ্যমে পরিশোধ করতে হবে এবং দুইটি চাইল্ড সাপোর্ট অ্যাকাউন্ট রয়েছে। প্রথম সন্তানের অ্যাকাউন্টে সেই মাসের জন্য 100 মার্কিন ডলার সংগ্রহ করা হয়েছে। দ্বিতীয় সন্তানের অ্যাকাউন্টে, সেই মাসে 25 মার্কিন ডলার সংগৃহীত হয়েছে। যেহেতু পাস-থ্রু মাসিক বর্তমান সংগৃহীত সাপোর্টের বেশি হতে পারে না, তাই জোয়ির গৃহস্থালির **125 মার্কিন ডলার পাস-থ্রু** পেমেন্ট পাওয়ার অধিকার আছে।

**উদাহরণ 6:** সামির সাবরির একটি TA মামলা আছে যেখানে 21 বছরের কম বয়সী দুইটি সন্তান রয়েছে। সন্তানদের ভিন্ন ভিন্ন ননকাস্টডিয়াল পিতামাতা রয়েছে। এখানে দুইটি সাপোর্ট আদেশ আছে যা সাপোর্ট সংগ্রহ ইউনিটের মাধ্যমে পরিশোধ করতে হবে এবং দুইটি চাইল্ড সাপোর্ট অ্যাকাউন্ট রয়েছে। প্রথম সন্তানের অ্যাকাউন্টে সেই মাসের জন্য 300 মার্কিন ডলার সংগ্রহ করা হয়েছে। দ্বিতীয় সন্তানের অ্যাকাউন্টে, সেই মাসে 0 মার্কিন ডলার সংগৃহীত হয়েছে। সামিরের গৃহস্থালির **200 মার্কিন ডলার পাস-থ্রু** পেমেন্ট পাওয়ার অধিকার আছে।

**উদাহরণ 7:** ডিলন স্মিথের একটি TA মামলা আছে যেখানে 21 বছরের কম বয়সী দুইটি সন্তান রয়েছে। সন্তানদের ভিন্ন ভিন্ন ননকাস্টডিয়াল পিতামাতা রয়েছে। এখানে দুইটি সাপোর্ট আদেশ আছে যা সাপোর্ট সংগ্রহ ইউনিটের মাধ্যমে পরিশোধ করতে হবে এবং দুইটি চাইল্ড সাপোর্ট অ্যাকাউন্ট রয়েছে। প্রথম সন্তানের অ্যাকাউন্টে সেই মাসের জন্য

শুধু রেফারেন্সের জন্য

150 মার্কিন ডলার সংগ্রহ করা হয়েছে। প্রথম সন্তানের অ্যাকাউন্টে সেই মাসের জন্য 100 মার্কিন ডলার সংগ্রহ করা হয়েছে। ডিলনের গৃহস্থালির **200 মার্কিন ডলার পাস-থ্রু** পেমেন্ট পাওয়ার অধিকার আছে।

**উদাহরণ 8:** লরা সাটোর একটি TA মামলা আছে যেখানে 21 বছরের কম বয়সী দুইটি সন্তান রয়েছে। সন্তানদের ভিন্ন ভিন্ন ননকাস্টডিয়াল পিতামাতা রয়েছে। এখানে একটি সাপোর্ট আদেশ আছে যা সাপোর্ট সংগ্রহ ইউনিটের মাধ্যমে পরিশোধ করতে হবে এবং একটি চাইল্ড সাপোর্ট অ্যাকাউন্ট রয়েছে। ননকাস্টডিয়াল পিতামাতাকে বর্তমানে মাসিক 400 মার্কিন ডলার সাপোর্ট দায় পরিশোধ করতে হবে এবং সে এই মাসে সম্পূর্ণ 400 মার্কিন ডলার পরিশোধ করে দিয়েছে। লরার গৃহস্থালির **200 মার্কিন ডলার পাস-থ্রু** পেমেন্ট পাওয়ার অধিকার আছে।

## কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্টসমূহ

**উদাহরণ 1:** ডাকোটা টেইলরের গৃহস্থালি এখন আর TA-র জন্য উপযুক্ত নয়। গৃহস্থালি যেই সময়কালে TA পেয়েছে তার মোট অপরিশোধিত সহায়তা হলো 7,200 মার্কিন ডলার। ডাকোটা একটি এক্সেস সাপোর্ট পেমেন্ট পাবে শুধু যদি 7,200 মার্কিন ডলারের বেশি সাপোর্ট **(বা লটারি অফসেট বা লিয়েন পুনরুদ্ধারের মতো অন্য ক্ষতিপূরণ পদ্ধতির দ্বারা)** সংগৃহীত হয়। যেহেতু অর্পিত সংগৃহীত সাপোর্টের মোট পরিমাণ 7,500 মার্কিন ডলার, তাই ডাকোটার গৃহস্থালির **300 মার্কিন ডলার কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্ট** পাওয়ার অধিকার আছে।

**উদাহরণ 2:** কাই গ্রিনের গৃহস্থালি এখন আর TA-র জন্য উপযুক্ত নয়। গৃহস্থালি যেই সময়কালে TA পেয়েছে তার মোট অপরিশোধিত সহায়তা হলো 10,200 মার্কিন ডলার। এই পরিমাণের মধ্যে, 9,000 মার্কিন ডলার **প্রদান করা হয়েছে কাইয়ের বাড়িওয়ালাকে** এবং 1,200 মার্কিন ডলার সরাসরি কাইয়ের গৃহস্থালিকে প্রদান করা হয়েছে। অর্পিত সংগৃহীত সাপোর্টের মোট পরিমাণ 9,500 মার্কিন ডলার। কাইয়ের গৃহস্থালির কোনও কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্ট পাওয়ার **অধিকার নেই।**

## একটি ডেস্ক রিভিউয়ের সময়কাল

**উদাহরণ 1:** পার্কার বোগার্ট 23 অক্টোবর, 2020 তারিখে একটি ডেস্ক রিভিউয়ের অনুরোধ করেছে, কারণ পার্কার বিশ্বাস করে যে **2019 সালের সেপ্টেম্বর মাসে করা পাস-থ্রু পেমেন্টটি অতিরিক্ত ক্ষুদ্র। পার্কার একটি ডেস্ক রিভিউয়ের উপযুক্ত** যেহেতু বিবেচনাধীন পেমেন্টটি 23 অক্টোবর, 2020 এর পূর্বে এবং 1 জানুয়ারি, 2019 এ বা তার পরে করা হয়েছে।

**উদাহরণ 2:** ক্যামেরন বেকল 12 জুন, 2020 তারিখে একটি ডেস্ক রিভিউয়ের অনুরোধ করেছে কারণ 2020 সালের মে মাসে কোনও **পাস-থ্রু পেমেন্ট** করা হয়নি। পেমেন্টটি এখনো ক্যামেরনের ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার (Electronic Benefits Transfer, EBT) কার্ডে (কমন বেনিফিটস আইডেন্টিফিকেশন কার্ড (Common Benefits Identification Card) নামেও পরিচিত) উপলভ্য নয়। তবে, এটিকে 20 জুন, 2020 তারিখের মধ্যে জমা করতে হবে। এর কারণ পাস-থ্রু পেমেন্ট অবশ্যই প্রতি মাসের 20তম ক্যালেন্ডার দিবসের মধ্যে ইস্যু করতে হবে। ক্যামেরন একটি ডেস্ক রিভিউয়ের জন্য অনুরোধ করতে পারবে যদি 21 জুনের মধ্যে পাস-থ্রু পেমেন্ট EBT কার্ডে জমা না হয়, কিন্তু ক্যামেরন সম্ভবত TA ওয়ার্কারের সাথে যোগাযোগ করলে আরো দ্রুত সাড়া পাবে।

**উদাহরণ 3:** লোগান লি 27 ডিসেম্বর, 2020 তারিখে একটি ডেস্ক রিভিউয়ের অনুরোধ করেছে, কারণ লোগান বিশ্বাস করে সে যা TA পেয়েছে তার থেকে বেশি সাপোর্ট জেলা রেখে দিয়েছে। লোগানের চাইল্ড সাপোর্ট অ্যাকাউন্টে পাওয়া শেষ পেমেন্ট ছিলো 2020 সালের ফেব্রুয়ারি মাসে। লোগান **কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্টের** জন্য ডেস্ক রিভিউয়ের **উপযুক্ত**, কারণ 27 ডিসেম্বর, 2020 তারিখের পূর্বে এবং 1 জানুয়ারি, 2019 এ বা তার পরে একটি চাইল্ড সাপোর্ট পেমেন্ট করা হয়েছে।

**উদাহরণ 4:** ট্রেসি টাইসন 31 জানুয়ারি, 2020 তারিখে একটি ডেস্ক রিভিউয়ের অনুরোধ করেছে, কারণ ট্রেসি বিশ্বাস করে সে যা TA পেয়েছে তার থেকে বেশি সাপোর্ট জেলা রেখে দিয়েছে। ট্রেসির চাইল্ড সাপোর্ট অ্যাকাউন্টে পাওয়া শেষ পেমেন্ট ছিলো 2018 সালের অক্টোবর মাসে। ট্রেসি **কিউমিউলেটিভ এক্সেস সাপোর্ট পেমেন্টের** জন্য ডেস্ক রিভিউয়ের **উপযুক্ত না** কারণ 1 জানুয়ারি, 2019 তারিখে বা এর পরে এবং 31 জানুয়ারি, 2020 তারিখের পূর্বে কোনও চাইল্ড সাপোর্ট পেমেন্ট করা হয়নি।